

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

স্মারক নং-৪৪.০১.০০০০.১৭২.০২.০৩৮.১০(অংশ-১)- ০৭

তারিখঃ ০৮/০১/২০১৭

প্রেরক : দেবাশিস কুমার দাস
সহকারী প্রধান

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩য় কিস্তি বাবদ “৭টি র‍্যাব কমপ্লেক্স নির্মাণ” শীর্ষক অনুমোদিত প্রকল্প কোড নং-৫০৬০ এর জন্য অর্থ অবমুক্তি প্রসঙ্গে।


মহোদয়,

অত্র মন্ত্রণালয় কর্তৃক ২২/০৮/২০১৬ তারিখের ৩৬৭ নং সরকারী আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি খাতে ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ হতে নিম্নরূপভাবে অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

(অংকসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ পুলিশ কোড নং ২২১১	“৭টি র‍্যাব কমপ্লেক্স নির্মাণ” অনুমোদিত প্রকল্প কোড নং-৫০৬০	অনুমোদিত	৩য় কিস্তি	০.০০	১২৩৭.৫০	১২৩৭.৫০ (বার কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার)

- এ ব্যয় ২০১৬-২০১৭ খ্রিঃ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের গ্রান্ট নং-১৮ হিসাবের খাত ৫-২২-২২১১-৫০৬০ হতে বহন করা হবে।
- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুষ্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
- এ আদেশ অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং পরিপত্র মোতাবেক জারী করা হল;
- কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংকের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না;
- এ অর্থ ব্যয়ের যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- পরবর্তীতে প্রকৃত ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে;
- অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে;



(দেবাশিস কুমার দাস)
সহকারী প্রধান
ফোন : ৯৫৭৪৫২৫

স্মারক নং-৪৪.০১.০০০০.১৭২.০২.০৩৮.১০(অংশ-১)- ০৭

তারিখঃ ০৮/০১/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ- উপ-সচিব, বাজেট অধিশাখা-৬)।
- ২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ- যুগ্ম প্রধান, ভৌত-১)
- ৩। মহা পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (দৃঃ আঃ-এআইজি, ডেভেলপমেন্ট)।
- ৪। মহা পরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা।
- ৫। মহা ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৬। আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


(দেবাশিস কুমার দাস)
সহকারী প্রধান